

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.৬২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭
০৮ জুন ২০২০

বিষয়: পাঠদানের অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা/সিলেট/ময়মনসিংহ/চট্টগ্রাম এর সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত ০৬(ছয়) টি প্রতিষ্ঠানকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

ক্রমিক নং	কলেজ নাম ও ঠিকানা
১.	পাটলী ইউনিয়ন উইমেন্স কলেজ, জগন্নাথপুর, সুনামগঞ্জ
২.	জাফলং হানিফা খাতুন মেমোরিয়াল কলেজ, গোয়াইনঘাট, সিলেট
৩.	বীর মুক্তিযোদ্ধা রফিক উদ্দিন ভূঞা কলেজ, সদর, ময়মনসিংহ
৪.	সিটি রয়েল কলেজ, ত্রিশাল, ময়মনসিংহ
৫.	দি এল্লিয়েন্ট কলেজ, বাজড়া, ঢাকা
৬.	ভাইবোনছড়া কলেজ, সদর, খাগড়াছড়ি

শর্তসমূহ:

- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

৮-৬-২০২০
মোঃ নূর-ই-আলম
উপসচিব
ফোন: ৯৫৭৭৪২৫

বিতরণ :

- চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
- চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.৬২/১(৮)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭
০৮ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- অধ্যক্ষ,
- ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৫

৮-৬-২০২০

মোঃ নূর-ই-আলম

উপসচিব